

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর কার্যক্রম [১.২] অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী (জুলাই-সেপ্টেম্বর, ২০২২)(প্রথম কোয়ার্টার)

সভাপতি	মোঃ আবুল বাসার সিদ্দিক আকন পরিচালক (যুগ্মসচিব)
সভার তারিখ	২৫-০৯-২০২২
সভার সময়	সকাল ৮.১৫ ঘটিকায়
স্থান	বিএমডির সভা কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিটিজেন চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা আজিজুল হক, সহকারী পরিচালক (ভূ-রসায়ন) আলোচ্যসূচি অনুযায়ী সভায় কর্মপরিকল্পনার বিভিন্ন বিষয় নিয়ে আলোকপাত করেন। তিনি জানান বিএমডির সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী প্রতি ত্রৈমাসিকে সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করার লক্ষ্যমাত্রা রয়েছে। ১ম ত্রৈমাসিকে বিএমডির সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের জন্য সভাপতি সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া সিটিজেন চার্টার অনুযায়ী সেবাপ্রত্যাশীদেরকে সেবা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র.নং	কার্যক্রম/আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	১.১ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন	প্রতি ত্রৈমাসিকে পরিবীক্ষণ কমিটি পুনর্গঠনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রথম কোয়ার্টারের পরিবীক্ষণ কমিটি ইতোমধ্যে অর্থাৎ ৩১.০৮.২০২২ তারিখে পুনর্গঠন করা হয়েছে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
	১.২ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	সভাপতির নির্দেশনা অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়ন এবং প্রতিবেদন যথাসময়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়;	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
	১.৩ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন	বিএমডির যেহেতু আওতাধীন দপ্তর/সংস্থা নেই সেহেতু বিএমডির কর্মকর্তাদের নিয়ে কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়;	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
	১.৪ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ	সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রথম ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২.	২.১ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ২টি কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রথম প্রশিক্ষণটি দ্বিতীয় কোয়ার্টারে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা

	২.১ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ০২ টি সভা আয়োজন	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে প্রথম অবহিতকরণ সভাটি দ্বিতীয় কোয়ার্টারে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
--	--	--	-------------------------

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সম্পন্ন করা হয়।



মোঃ আবুল বাসার সিদ্দিক আকন
পরিচালক (যুগ্মসচিব)


স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.৩৫.০০১.০২.৪১৭

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৯

২৯ সেপ্টেম্বর ২০২২

বিতরণ : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
- ২) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৩) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৪) সহকারী পরিচালক (ভূ-রসায়ন), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৫) পি.এ টু মহাপরিচালক/পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), ঢাকা;
- ৬) মাস্টার কপি/সংশ্লিষ্ট নথি।



(আজিজুল হক)

সহকারী পরিচালক (ভূ-রসায়ন)